গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
ভূমি ভবন
৯৮, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি
তেজগাঁও, ঢাকা- ১২০৮।
Web : www.dlrs.gov.bd

স্মারক নং -৩১.০৩.০০০০.০০২.১১.০১৬.২৩-২৫

তারিখ : ১৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি ২০২৪ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর-এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত/স্থায়ী নাগরিকদের নিকট থেকে নিম্নোক্ত শর্তে http://dlrs.teletalk.com.bd ওয়েবসাইটে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে (online) আবেদন আহবান করা হচ্ছে। অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | ন্যুনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|---|
| ০১. | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০/- | ০২ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজীতে ৮০ শব্দ এবং বাংলায় ৫০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজীতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ। | |
| ০২. | কম্পিউটার অপারেটর | গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০/- | ০৫ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | |
| ০৩. | ড্রাফটসম্যান | গ্রেড-১৫<br>৯৭০০-২৩৪৯০/- | ০২ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ডের অনুমোদিত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে অন্যূন ০৬(ছয়) মাসের সিভিল ড্রাফটিং বিষয়ে ট্রেড কোর্স সনদ। | ঢাকা, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ময়মনসিংহ, নেত্রকোনা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, দিনাজপুর, গাইবান্ধা, ঠাকুরগাঁও, চুয়াডাঙ্গা ও পটুয়াখালী। |
| ০৪. | সহকারী রেকর্ড কিপার | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০১ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার MS Office চালনায় অভিজ্ঞ। | কুমিল্লা |
| ০৫. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০১ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ। | ঢাকা, নরসিংদী, ফরিদপুর, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, কুমিল্লা, নোয়াখালী, সিরাজগঞ্জ, বাগেরহাট ও ঝালকাঠি। |
| ০৬. | ষ্টোর কিপার | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০১ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার MS Office চালনায় অভিজ্ঞ। | জামালপুর |
| ০৭. | সাব-সার্ভেয়ার | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ২১ টি | (ক) বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের অধীন সার্ভে ইনস্টিটিউট হতে ০৪(চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং) সার্টিফিকেট। | শরীয়তপুর, কিশোরগঞ্জ, চাঁদপুর, কুমিল্লা, রাজশাহী, সিরাজগঞ্জ, কুড়িগ্রাম, ভোলা, পটুয়াখালী। |
| ০৮. | কম্পিউটর | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ৩০ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার MS Office চালনায় অভিজ্ঞ। | মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, চাঁদপুর, রাজশাহী, নওগাঁ, রংপুর, বরগুনা, পটুয়াখালী। |

| ক্রমিক | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|---|
| ০৯. | বাউন্ডারী আমিন | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/- | ১৩ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে জরিপ বিষয়ে অন্যূন ০৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সনদ। | গাজীপুর, পাবনা ও সিরাজগঞ্জ। |
| ১০. | জিংক কারেক্টর | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/- | ০২ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | মাদারীপুর, নোয়াখালী, নওগাঁ, বগুড়া, গাইবান্ধা, বাগেরহাট, সাতক্ষীরা ও বরগুনা। |
| ১১. | প্রিন্টার | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/- | ০৩ টি | (ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (প্রিন্টিং টেকনোলজি) অথবা কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) প্রিন্টিং কাজে পারদর্শী। | ঢাকা, গাজীপুর, নরসিংদী, রাজবাড়ী, ময়মনসিংহ, কুমিল্লা, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, রংপুর ও বরিশাল |
| ১২. | হিসাব সহকারী | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/- | ০১ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে ব্যবসায় শিক্ষা বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার MS Office চালনায় অভিজ্ঞ। | |

**শর্ত ও নিয়মাবলি :**

১। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী :

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dlrs.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ০৮/০২/২০২৪ সকাল ১০:০০ ঘটিকা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ২৮/০২/২০২৪ বিকাল ৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০ Pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় ০১ (এক) কপি জমা দিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পুরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন করা হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১ হতে ১২ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা অনধিক টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: DLRS<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DLRS ABCDEF & Send to 16222.
Reply: Applicant's Name, Tk.223 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DLRS<space>Yes<space>PIN and Send to 16222.

দ্বিতীয় SMS: DLRS<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DLRS YES 12345678.
Reply: Congratulations, Applicant's Name, Payment completed successfully for DLRS Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি: http://dlrs.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/ মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে : DLRS<space>Help<space>User<space>User ID & send to 16222.
Example: DLRS HELP User ABCDEF.

ii. PIN Number জানা থাকলে : DLRS<space>Help<space>PIN<space> PIN Number & send to 16222.
Example: DLRS Help PIN 12345678.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও http://dlrs.teletalk.com.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য পত্রিকা ছাড়াও http://dlrs.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা coxsbazar@hospi.dghs.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: DLRS, Post Name: ***, Applicant's User ID ও Contract Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারনা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০২। Online এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৩। সকল পদে ০৮/০২/২০২৪ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারিরীক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার সন্তানদের বয়স ৩০ বৎসর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪। সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অন্যথায় ঐ আবেদন গ্রহণযোগ্য মর্মে বিবেচিত হবে না।

০৫। প্রার্থী নির্বাচনে সরকারি বিধিবিধান অনুসরণ করা হবে।

০৬। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও অন্যান্য সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

০৭। এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসাবে আবেদন করতে পারবেন না।

০৮। কেবলমাত্র নির্ধারিত লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মধ্য হতে প্রচলিত বিধি-বিধান অনুসরণ পূর্বক যোগ্য প্রার্থীদের চূড়ান্ত নিয়োগের জন্য সুপারিশ করা হবে। এ ক্ষেত্রে কোন সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।

০৯। প্রার্থীকে লিখিত, মৌখিক এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রার্থীগণকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১০। একজন প্রার্থী একটি আবেদনে কেবলমাত্র ০১ (এক) টি পদে আবেদন করতে পারবেন।

১১। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কোন কারণে নিয়োগের যে কোন পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া স্থগিত করা হলে বা বাতিল করা হলে কোন দরখাস্তকারী তাকে নিয়োগ প্রদানের জন্য দাবী করতে পারবেন না বা দাবী করলেও তা আইনানুগভাবে গৃহীত হবে না।

০৭/০২/২০২৪

(মো: ইসমাইল হোসেন)
পরিচালক (প্রশাসন)
ফোন: ৪১০২৪৬০৩